গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিচালকের কার্যালয়
সরকারি কর্মচারী হাসপাতাল
ফুলবাড়িয়া, ঢাকা।
www.skh.gov.bd

**২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামোর বিষয়ে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির প্রথম সভার কার্যবিবরণী**

সভাপতি : আবু আহমদ ছিদ্দীকী,পরিচালক (যুগ্মসচিব), সরকারি কর্মচারী হাসপাতাল ও সভাপতি, নৈতিকতা কমিটি।

স্থান : সরকারি কর্মচারী হাসপাতালের পরিচালকের অফিস কক্ষ।

তারিখ : ২৯.০৯.২০২২খ্রি.

সময় : সকাল: ১১:০০টা

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক'এ সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের চিকিৎসাসেবা প্রদানে সরকারি কর্মচারী হাসপাতালের গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এজন্য এ প্রতিষ্ঠানের সকল বিভাগ ও কর্মকান্ডে শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্যে সকলকে সচেষ্ট থাকতে হবে।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভার কার্যপত্র উপস্থাপন করেন। সরকারি কর্মচারী হাসপাতালের ২০২২-২০২৩ অর্থবছরের জন্য প্রস্তুতকৃত শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর খসড়া সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত খসড়ার উপর আলোচনা করা হয়। চলতি অর্থবছরের জন্য প্রস্তুতকৃত শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর অনুচ্ছেদ ওয়ারী বিবরণ নিম্নরূপ:

**১। প্রাতিষ্ঠানিক ব্যবস্থা:**

**১.১ নৈতিকতা কমিটির সভা:** শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনায় প্রতি কোয়ার্টারে ন্যূনতম ১ টি করে মোট ৪টি নৈতিকতা কমিটির সভা আহবানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সম্পন্নকরণ এবং প্রতি প্রান্তিকের (ত্রৈমাসিক) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিতকরণে সভাপতি কমিটির সকল সদস্যের দৃষ্টি আকর্ষণ করেন।

**১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন:** ২০২২-২০২৩ অর্থবছরের জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনায় নৈতিকতা কমিটির সকল সভার সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে।

**১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা:** সুশাসন প্রতিষ্ঠার জন্য অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১০০%। অংশীজনের (stakeholders) অংশগ্রহণে তৃতীয় প্রান্তিকে ২টি ও চতুর্থ প্রান্তিকে ২টি সভা নির্ধারিত রয়েছে। অংশীজনের অংশগ্রহণে নির্ধারিত সভা যথাসময়ে আয়োজন করা হবে।

**১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন:** কর্মপরিকল্পনা অনুযায়ী তৃতীয় কোয়ার্টারে ২০জন ও চতুর্থ কোয়ার্টারে ২০জনকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। তবে নির্ধারিত সময়ে প্রশিক্ষণ সম্পন্ন করা হবে।

চলমান পাতা-২

**১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন** (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকারণ/পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াসরুমের ব্যবস্থা করা ইত্যাদি)**:** সরকারি কর্মচারী হাসপাতালের সার্বিক কর্ম-পরিবেশের উন্নত করা হয়েছে।

**১.৬ আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান:** সরকারি কর্মচারী হাসপাতালের জন্য **প্রযোজ্য নয়।**

**২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন:**

**২.১ ২০২২-২৩ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ:** ২০২২-২০২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণপূর্বক হাসপাতালের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

**২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের):** অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়নের কাজ চলমান রয়েছে।

**২.৩ বাজেট বাস্তবায়ন :** সরকারি কর্মচারী হাসপাতালের বাজেট বাস্তবায়নের কাজ চলমান রয়েছে।

**২.৪ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা:** সরকারি কর্মচারী হাসপাতালের জন্য **প্রযোজ্য নয়।**

**৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম:**

**৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ:** সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করা হয়।

**৩.২ ই-নথির ব্যবহার বৃদ্ধি:** ই-নথির ব্যবহার চলমান রয়েছে।

**৩.৩** টেলি মেডিসিন সেবার মাধ্যমে Time,Visit,Cost (TVC) কমানো বাস্তবায়ন: করোনা আক্রান্ত রোগীদের দ্বৈব চয়ন পদ্ধতিতে টেলি মেডিসিন সেবা প্রদানের মাধ্যমে সময়,সাক্ষাৎ ও ব্যয় হ্রাস করা সম্ভব হয়েছে।

**৩.৪** ক্রয় কার্যে ই-জিপি চালুকরণ: প্রণীত কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রমে স্বচ্ছতা প্রতিষ্ঠায় ই-জিপি কার্যক্রম চালুকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**৪। বিস্তারিত আলোচনান্তে গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ:**

(১) সরকারি কর্মচারী হাসপাতালের ২০২২-২০২৩ অর্থবছরের প্রথম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর ২০২২) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণসহ হাসপাতালের ওয়েবসাইটে আপলোড করতে হবে;

(২) ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনায় উদ্ধৃত লক্ষ্যমাত্রা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

(৩) যথাসময়ে শুদ্ধাচার সেবা বক্স, তথ্য অধিকার সেবা বক্স, তথ্য বাতায়ন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে:

৫। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/১০/২০২২

(আবু আহমদ ছিদ্দীকী,এনডিসি)
পরিচালক(যুগ্মসচিব)
ফোন: ২২৩৩৮৬৭০৮
geh@hospi.dghs.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিচালকের কার্যালয়
সরকারি কর্মচারী হাসপাতাল
ফুলবাড়িয়া,ঢাকা।

সরকারি কর্মচারী হাসপাতালয়ের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রথম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের বিষয়ে ২৯.০৯.২০২২খ্রি. তারিখ বেলা ১১.০০ টায় অনুষ্ঠিত সভায় কর্মকর্তাদের উপস্থিতি:

| ক্র.নং | কর্মকর্তার নাম, পদবী ও অফিসের নাম | টেলিফোন/মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | ডা. মো: শাহ আলম, উপপরিচালক<br>সরকারি কর্মচারী হাসপাতাল,ফুলবাড়িয়া, ঢাকা। | 01721450055 | 29.09.2022 |
| ২ | ডা. আরিফা জাহের,সিনি. কনসালটেন্ট (গাইনী)<br>সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা। | | 29.9.22 |
| ৩ | ডা. মুহাম্মদ তানজীরুল ইসলাম,সিনি.কনসালটেন্ট(শিশু)<br>সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা। | 01715066590 | 29/9/22 |
| ৪ | জনাব মো: তৌহিদ বিন হাসান,সিনিয়র সহকারী সচিব<br>সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা। | | 29/9/22 |
| ৫ | ডা.ফারহানা বিনতে মোনায়েম, আবাসিক সার্জন<br>সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা। | 01920155971 | 29/09/22 |
| ৬ | ডা.এ.কে.এম শাহনেওয়াজ, মেডিকেল অফিসার/স্টোর অফিসার<br>সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা। | ০১৭৭৪০০০০৬৪ | 29/09/22 |
| ৭ | জনাব মামুন মাহবুব , সহকারী সচিব (প্রশাসন)<br>সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা। | ০১৭৭৭০২৮২৯৪ | 29/9/22 |